

বাংলাদেশ



গেজেট

প্রতিরিক্ত সংখ্যা।

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ১, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা বিভাগ

আদেশ

ঢাকা, ১০ই অগ্রহায়ণ, ১৩৯৭/২৮শে নভেম্বর, ১৯৯০

এস, আর, ও, নং ৪১৬-আইন/৯০—যেহেতু সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, বিগত কয়েকদিনে এমন বিশৃঙ্খলা ও জনশৃঙ্খলা হানিকর পরিস্থিতি উদ্ভূত হইয়াছে যাহার কারণে রাজশাহী মহানগরী এবং খালিশপুর ও দৌলতপুরসহ খুলনা মহানগরীর সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে এবং করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষার পরিবেশ ক্ষুণ্ণ হইতেছে এবং উহাদের স্বাভাবিক কাজকর্ম এবং আভ্যন্তরীণ নিরাপত্তা গুরুতরভাবে বিঘ্নিত হইতেছে;

সেহেতু সরকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (শান্তি-শৃঙ্খলা) অধ্যাদেশ, ১৯৯০ (অধ্যাদেশ নং ১০) এর ৩(১) নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে রাজশাহী মহানগরীর এবং খালিশপুর ও দৌলতপুরসহ খুলনা মহানগরীর সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান এবং করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজ এবং উহাদের হল, হোস্টেল ও ছাত্রাবাসসমূহ এক মাসের জন্য বন্ধ করিয়া দিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আ, ফ, ম, ইমাম হোসাইন  
উপ-সচিব।

সকল: ১০ই অগ্রহায়ণ, ১৩৯৭ বাং  
২৮শে নভেম্বর, ১৯৯০ ইং

স্বাঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক প্রস্তুত।  
স্বাঃ মোঃ সাহাবুদ্দীন কবির, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা  
কর্তৃক প্রকাশিত।

( ৮৬৭৫ )

মূল্য : ৩০ পয়সা